

🗏 আর-রাদ | Ar-Ra'd | الرَّعْد

আয়াতঃ ১৩: ৩৪

💵 আরবি মূল আয়াত:

لَهُم عَذَابٌ فِى الحَيٰوةِ الدُّنيَا وَ لَعَذَابُ الأَخِرَةِ اَشَقُّ وَ مَا لَهُم مِّنَ اللهِ مِن قَاقِ ﴿٣٢﴾

তাদের জন্যই রয়েছে দুনিয়ার জীবনে আযাব, আর আখিরাতের আযাব তো আরো কঠিন। আল্লাহর আযাব থেকে তাদের কোন রক্ষাকারী নেই। — আল-বায়ান

দুনিয়ার জীবনে তাদের জন্য আছে শাস্তি, আর আখেরাতের শাস্তি অবশ্যই আরো বেশি কঠিন। আল্লাহর শাস্তি থেকে বাঁচানোর তাদের কেউ নেই। — তাইসিরুল

তাদের জন্য পার্থিব জীবনে আছে শাস্তি এবং পরকালের শাস্তিতো আরও কঠোর! এবং আল্লাহর শাস্তি হতে রক্ষা করার তাদের কেহ নেই। — মুজিবুর রহমান

For them will be punishment in the life of [this] world, and the punishment of the Hereafter is more severe. And they will not have from Allah any protector. — Sahih International

৩৪. তাদের জন্য দুনিয়ার জীবনে আছে শাস্তি এবং আখিরাতের শাস্তি তো আরো কঠোর! আর আল্লাহর শাস্তি থেকে রক্ষা করার মত তাদের কেউ নেই।(১)

(১) আল্লাহ তা'আলা কাফেরদের জন্য দুনিয়াতে যে শান্তি রেখেছেন তার থেকে আখেরাতের শান্তি যে কত ভয়াবহ এখানে সে কথাই তুলে ধরেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লামও লি'আনকারী পুরুষ ও মহিলাকে আখেরাতের শান্তির ভয়াবহতা সম্পর্কে সাবধান করে দিয়ে বলেছিলেন, "অবশ্যই দুনিয়ার আযাব আখেরাতের আযাবের চেয়ে অনেক সহজ।" [মুসলিমঃ ১৪৯৩] কারণ, দুনিয়ার আযাব যত দীর্ঘ সময়ই হোক না কেন তা তো লোকের মৃত্যুর সাথে সাথে বা দুনিয়ার শেষদিনটির সাথে সাথে শেষ হয়ে যাবে। পক্ষান্তরে আখেরাতের আযাব কোন দিন শেষ হবার নয়, তা চিরস্থায়ী। আবার তার পরিমাণও অনেক বেশী। যার বর্ণনা আল্লাহ্ তা'আলা পবিত্র কুরআনের অন্যত্র করেছেন। [দেখুন, সূরা আল-ফাজরঃ ২৫, ২৬, সূরা আল-ফুরকানঃ ১১–১৫]

তাফসীরে জাকারিয়া

(৩৪) তাদের জন্য পার্থিব জীবনে আছে শাস্তি[1] এবং পরকালের শাস্তি তো আরো কঠোর।[2] আর



আল্লাহর (শাস্তি) হতে রক্ষাকর্তা তাদের কেউ নেই।

- [1] এর অর্থ হত্যা ও বন্দিদশা, যা মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধের সময় এই কাফেরদের ভাগে আসে।
- [2] যেমন নবী (সাঃ) লিআনকারী ও লিআনকারিণীকে বলেছিলেন, "দুনিয়ার শাস্তি আখেরাতের শাস্তির তুলনায় হাল্কা ও সহজ।" (মুসলিম, কিতাবুল লিআন, লিআনের সংজ্ঞা জানতে সূরা নূর ৭নং আয়াতের টীকা দ্রঃ) এ ছাড়া দুনিয়ার শাস্তি (যেমনই হোক এবং যতই হোক তা কাফেরদের জন্য) সাময়িক ও অস্থায়ী এবং আখেরাতের শাস্তি চিরস্থায়ী, যা শেষ হবে না। তাছাড়া জাহান্নামের আগুন দুনিয়ার আগুনের তুলনায় উনসত্তর গুণ বেশি তীব্র। অনুরূপ অন্য কিছুও রয়েছে। সুতরাং শাস্তির কঠিন হওয়ার ব্যাপারে কি সন্দেহ থাকতে পারে?

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1741

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন